হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০৬ ঃ মেহেরপুর-মঙ্গলবার ৫ আগষ্ট ২০২৫ ইং ঃ ২১ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ১০ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



অবশেষে শাকিব-বুবলীর রোমান্স নিয়ে মুখ খুললেন অপু -পৃষ্ঠ-৩

# গাংনীতে ডিসি ইকোপার্ক উন্নয়ন প্রকল্পে ২৪ লাখ টাকা আত্মসাতের অভিযোগ

## প্রকল্প কমিটিকে 'চুপ রাখার' জন্য দেওয়া হয় ৫ হাজার টাকা!

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় ডিসি ইকোপার্ক উন্নয়নের নামে বাস্তবায়ন ছাড়াই পাঁচটি প্রকল্পে বরাদ্দকৃত প্রায় ২৪ লাখ ৫০ হাজার টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মনসুর রহমানের বিরুদ্ধে। অভিযোগ রয়েছে, প্রকল্পের কোনো কাজ না করেই সংশ্লিষ্ট পিআইসি কমিটির সভাপতিদের নামমাত্র অর্থ দিয়ে স্বাক্ষর নেয়া হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের টিআর ও কাবিটা কর্মসূচির আওতায় সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া ডিসি ইকোপার্কে পাঁচটি প্রকল্পের জন্য বরাদ্দ আসে। প্রকল্পগুলো হলো, শিশু পার্কে রাইড স্থাপন, ফেপিং ও রংকরণ বাবদ আড়াই লাখ টাকা। ওয়াশরুম সংস্কার ও পিকনিক সেড মেরামত বাবদ সাড়ে তিন লাখ টাকা। অস্থায়ী দোকান সেড নির্মাণবাবদ সাড়ে তিন লাখ টাকা। শিশুপার্ক থেকে বধ্যভূমি পর্যন্ত এইচবিবি করণ ও মাটি ভরাট বাবদ আট লাখ টাকা। প্রধান গেট নির্মাণ ও গেটপাশে মাটি ভরাট বাবদ সাত





লাখ টাকা। প্রকল্পের নির্ধারিত মেয়াদ ছিল ৩০ জুন ২০২৪ পর্যন্ত। পিআইও অফিস জানায়, প্রকল্পের কাজ ২২ জুন সম্পন্ন হয়েছে বলে দেখিয়ে অর্থ উত্তোলন করা হয়। কিন্তু সরেজমিনে অনুসন্ধানে দেখা গেছে, উল্লেখযোগ্য কোনো কাজই বাস্তবে হয়নি। পার্কে রাইড স্থাপন হয়নি, ওয়াশরুমের অবস্থা জরাজীর্ণ, শিশু পার্কে কিছু অংশে নিম্নমানের সামগ্রী ব্যবহার করে সামান্য এইচবিবি কাজ করা হয়েছে। দোকান সেড কিংবা গেট নির্মাণের কোনো চিহ্নও নেই। এলাকাটি এখন পরিণত হয়েছে জঙ্গলাকীর্ণ পরিত্যক্ত এক স্থানে।

পার্কের পাশে দোকান চালানো এক ব্যবসায়ী বলেন, "আমার দোকানের সামনে কোনো

২-এর পৃষ্ঠা দেখুন



## দুঃশাসনের বিরুদ্ধে জনতার বিস্ফোরণ ছিল জুলাই গণঅভ্যুত্থান: রাষ্ট্রপতি

নিজস্ব প্রতিবেদন

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছেন, "জুলাই গণঅভ্যুত্থান ছিল দীর্ঘদিনের দুঃশাসন, বৈষম্য, দুর্নীতি, গুম, খুন, অপহরণ ও ভোটাধিকার হরণের বিরুদ্ধে তরুণ প্রজন্মসহ আপামর জনতার ক্ষোভের বিস্ফোরণ।"

জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে সোমবার (৪ আগস্ট) দেওয়া এক বাণীতে রাষ্ট্রপতি এ মন্তব্য করেন। তিনি বলেন, "এই অভ্যুত্থান ছিল একটি বৈষম্যমূলক ফ্যাসিবাদী ব্যবস্থার বিরুদ্ধে ছাত্র-শ্রমিক-জনতার সম্মিলিত প্রতিরোধ। এই প্রতিরোধের লক্ষ্য ছিল গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, জনগণের ক্ষমতায়ন এবং মতপ্রকাশের স্বাধীনতাকে

২-এর পৃষ্ঠা দেখুন



## রাসেলের মৃত্যুঃ দুর্ঘটনা না কি হত্যাকাণ্ড?

নিজস্ব প্রতিবেদক

২৫ বছর বয়সী রাসেল হোসেন একজন তরুণ যাত্রী সহকারী (হেলপার)। স্বপ্ন ছিলো পরিবারের হাল ধরার। কিন্তু ৪ আগস্ট বিকেলে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে যখন তার নিথর দেহ পৌঁছায়, তখন সব স্বপ্ন থেমে যায়। রাসেলের মৃত্যু এখন শুধুই একটি শোকের ঘটনা নয়, বরং ঘিরে ধরেছে এক রহস্যের জাল। স্থানীয় সূত্রে জানা গেছে, এক ইজিবাইক চালক রাসেলের মরদেহ হাসপাতালে রেখে দ্রুত পালিয়ে যায়। এই ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষ ও সাধারণ মানুষের মনে তাৎক্ষণিক প্রশ্ন জাগে কে এই চালক? কেন সে মরদেহ রেখে পালাল? রাসেল ছিলেন মেহেরপুর-বরিশালগামী আল সানি পরিবহনের সহকারী। সোমবার সকালে বাসটি বরিশাল থেকে রওনা হয়। বিকেলের দিকে হঠাৎই চালক আফজাল ও সুপারভাইজার রোকনুজ্জামান রাসেলের নানা মহব্বত আলীকে ফোন করে জানান, ভাঙ্গা এলাকায় এক সড়ক দুর্ঘটনায় রাসেল আহত হয়েছেন। কিন্তু এরপরই দুজনের মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। তবে মূল প্রশ্ন যদি ভাঙ্গায় দুর্ঘটনা ঘটে থাকে, তাহলে মরদেহ এল মেহেরপুরে কীভাবে? এমনকি

২-এর পৃষ্ঠা দেখুন





## জলবায়ু সচেতনতায় ভৈরব বালিকার বিতর্ক প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে জলবায়ু পরিবর্তন ও সচেতনতা বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা। সোমবার দুপুরে বিদ্যালয়ের মিলনায়তনে আয়োজিত এই প্রতিযোগিতায় শিক্ষার্থীরা পরিবেশ সচেতনতার বিভি-ন্ন দিক তুলে ধরে ২-এর পৃষ্ঠা দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে গরুর মৃত্যু

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একটি গরুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। সোমবার (৪ আগস্ট) ভোরের দিকে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়দের মাঝে এ ঘটনায় চরম ক্ষোভ ও উদ্বেগ দেখা দিয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, মল্লিকপাড়ার কটা নামে এক ব্যক্তির একটি গরু প্রতিদিনের মতো খোলা অবস্থায় শহরের বিভিন্ন এলাকায় ঘুরে বেড়াচ্ছিল। ভোরের দিকে গরুটি মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বি এম কলেজের সামনের একটি গলিতে প্রবেশ করে। গলির ভেতরে একটি চার্জার ভ্যান বিদ্যুৎ সংযোগে যুক্ত অবস্থায় রাখা ছিল। ওই সময়

২-এর পৃষ্ঠা দেখুন





## আলেম-ওলামার ভূমিকা স্মরণে আলোচনা ও দোয়া

নিজস্ব প্রতিবেদক

জুলাই অভ্যুত্থান দিবস উপলক্ষে মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে "জুলাই গণঅভ্যুত্থানে আলেম-ওলামাদের ভূমিকা" শীর্ষক আলোচনা সভা ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৪ আগস্ট) দুপুরে মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন

২-এর পৃষ্ঠা দেখুন



## বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম মাষ্টার আর নেই

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলায় হাটবোয়ালিয়া হাইস্কুলের শিক্ষক, আলমডাঙ্গা সম্মিলত সাংস্কৃতিক পরিষদের সভাপতি, বিশিষ্ট কবি ও সাহিত্যক, আলমডাঙ্গা

২-এর পৃষ্ঠা দেখুন





## টাইফয়েড টিকা ক্যাম্পেইন উপলক্ষে এডভোকেসী সভা

নিজসস্ব প্রতিবেদক

মেহেরপুরে টাইফয়েড টিকা ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সিভিল সার্জন অফিসের উদ্যোগে একটি এডভোকেসী সভার আয়োজন করা হয়েছে। সোমবার (৪ আগস্ট) দুপুরে সিভিল সার্জন অফিসের মিলনায়তনে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের সিভিল সার্জন ডা. আবু সাঈদ। প্রধান অতিথি হিসেবে

২-এর পৃষ্ঠা দেখুন



## গোপালপুরে দোকানে চুরির চেষ্টাকালে যুবক আটক গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দিলেন স্থানীয়রা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোপালপুর বাজারে চুরির চেষ্টাকালে হাতেনাতে ধরা পড়েছেন রাফি (২৩) নামের এক যুবক। পরে স্থানী-য়রা তাকে গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দেন। গতকাল সোমবার (৪ আগস্ট) সকাল সাড়ে ৯টার দিকে গোপালপুর বাজারের 'মোমিন স্টোর' নামক একটি দোকানে এ ঘটনা ঘটে। আটক যুবক মেহেরপুর শহরের বন বিভাগ পাড়ার বাসিন্দা রকিব উদ্দিনের ছেলে। দোকান মালিক আব্দুল মোমিন জানান, "সকালে এক যুবক দোকানে

২-এর পৃষ্ঠা দেখুন

### মুজিবনগরে তারুণ্য উৎসব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

## মনাখালী বি-টিমের জয় দিয়ে শুরু উপজেলা পর্যায়ের খেলা

মুজিবনগর প্রতিনিধি

মুজিবনগর উপজেলায় "তারুণ্য উৎসব ২০২৫" উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার (৪ আগস্ট) বিকেলে উপজেলার দারিয়াপুর ফুটবল মাঠে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল। টুর্নামেন্টটির আয়োজন করে উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থা। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার

২-এর পৃষ্ঠা দেখুন



## সাজিদ হত্যায় ছাড় নয়, বিচার হবেই ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

কুষ্টিয়া প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাজিদ আব্দুল্লাহকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে বলে ফরেনসিক রিপোর্টে নিশ্চিত হওয়ার পর পুরো ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে।গতকাল সোমবার (৪ আগস্ট) দুপুরে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের সামনে উপস্থিত হয়ে উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ ঘোষণা দেন "সাজিদ হত্যায় জড়িত কাউকে ছাড় দেওয়া হবে না। অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে।" তিনি বলেন, "হত্যাকাণ্ডের বিষয়টি এখন আইন প্রয়োগকারী সংস্থার আওতায়। সোমবারের মধ্যেই আনুষ্ঠানিক মামলা

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনের প্রস্তুতি দেখতে সেপ্টেম্বরে আসছে ইউরোপীয় ইউনিয়নের পর্যবেক্ষক দল

নিজস্ব প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশে আসছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) একটি প্রাক-নির্বাচনী পর্যবেক্ষক দল। চলতি বছরের সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে সাত সদস্যের এই প্রতিনিধি দলটি ঢাকায় পা রাখবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সি-নয়র সচিব মো. জাহাঙ্গীর আলম। সোমবার (৪ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, "ইউরোপীয় ইউনিয়নের একটি প্রি-ইলেকশন অবজারভার টিম বাংলাদেশে আসছে। দলটিতে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে আগুনে দগ্ধ শিশু পেল সরকারি সহায়তা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামে অগ্নিকাণ্ডে দগ্ধ আট বছর বয়সী শিশুর পরিবারকে ১৫ হাজার টাকা আর্থিক সহায়তা দিয়েছে উপজেলা প্রশাসন। গতকাল সোমবার (৪ আগস্ট) দুপুরে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার (পিআইও) কার্যালয় থেকে এ সহায়তা প্রদান করেন কর্মকর্তা মনসুর রহমান। জানা গেছে, গত ১৪ মার্চ সকাল ১০টার দিকে কসবা গ্রামে একটি

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর(কাঁটাতারের ওপারে বাবা, এপারে কন্যা)

কন্যা যাবে বাপের বাড়ি
মাঝখানে কাটার তার
সুখে দুঃখে হত দেখা
এখন হচ্ছে না আর।
জীবন হলো প্রতিচ্ছবি
বিভাজন শুধুই নয়
কাঁটা তারে দিচ্ছে বাধা
পারছেনা করতে হিদায় জয় ।
আগের সময় ভালোই ছিল
করতো আসা যাওয়া
মাঝখানে তাদের কাটার বেড়া
হয় না আসা যাওয়া ।
ঘন্টায় ঘন্টায় হতো দেখা
বছর ঘুরেও এখন হয় না
বাধার প্রাচীর মাঝখানে দিল
মরলে মানুষ যায় না।
সীমান্তবাসীর জীবন হলো
চেয়ে থাকা চাতক পাখি
ছুঁয়ে দেখতেও যায় না ছোঁয়া
পড়ে না চোখে আখির ।





## কুষ্টিয়ায় বিএনপির আনন্দ র‍্যালি ও সভা

নিজস্ব প্রতিবেদন

জুলাই মাসের গণঅভ্যুত্থানের ধারাবাহিকতায় এবং 'আওয়ামী ফ্যাসিবাদের পতন ও ছাত্র-জনতার বিজয়ের বর্ষপূর্তি' উপলক্ষে মিরপুরে উপজেলা বিএনপির উদ্যোগে এক আলোচনা সভা ও আনন্দ র‍্যালির আয়োজন করা হয়। সোমবার (৪ আগস্ট) বিকেল ৪টায় মির

২-এর পৃষ্ঠা দেখুন

## শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের বিচার শুরু

নিজস্ব প্রতিবেদন

২০২৪ সালের জুলাই মাসে গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল১এ আনুষ্ঠানিক বিচার শুরু হয়েছে। রোববার সূচনা বক্তব্য ও প্রথম সাক্ষীর জবানবন্দির মধ্য দিয়ে এ বিচার কার্যক্রম শুরু হয়।

আসামি হিসেবে রয়েছেন শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এবং পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। মামলায় একমাত্র গ্রেপ্তার হওয়া

২-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপি জুলাই সনদে স্বাক্ষর করতে প্রস্তুত- সালাহউদ্দিন আহমদ

নিজস্ব প্রতিবেদন

বিএনপি দলটির অভ্যন্তরীণ রাজনৈতিক দিকনির্দেশনা ও প্রস্তুতির কথা স্পষ্ট করে জানিয়েছে যে, তারা কোনও পরিস্থিতিতেই জুলাই সনদে স্বাক্ষর করতে কোনও অনীহা দেখাচ্ছে না। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ উল্লেখ করেন, জুলাই সনদ হাতে পাওয়ার

২-এর পৃষ্ঠা দেখুন





## এই বাহিনী দিয়েই ভালোভাবে নির্বাচন হবেঃ স্বরাষ্ট্র উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনী সম্পূর্ণ প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, "এই বাহিনী দিয়েই তো নির্বাচন হবে আল্লাহ

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ২১ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ৫ আগষ্ট ২০২৫ইং

# মেহেরপুরে পৃথক তিন মামলায় ১৮ জনের সাজা চীফ জুডিশিয়াল মোঃ শাজাহান আলী আদালতে



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পৃথক তিনটি মামলায় ১৮ আসামিকে কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করেছেন চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী ।গতকাল সোমবার (৪ আগস্ট ২০২৫) এই তিনটি মামলার রায় ঘোষণা করা হয়। হেরোইন মামলায় দুইজনের সশ্রম কারাদণ্ড : মোঃ বাকী মন্ডল ও মোঃ চমন আলী নামের দুই আসামির বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) টেবিলের ৮(ক) ধারায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় যথাক্রমে ১ বছর ৬ মাস ও ১ বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা করে অর্থদণ্ড, অনাদায়ে আরও ১৫ দিনের অতিরিক্ত কারাদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। মামলার বিবরণে জানা যায়, ২০২৩ সালের ২৩ জুলাই এসআই মফিজুল ইসলাম বারাদী বাজার এলাকায় অভিযান চালিয়ে আমঝুপি

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## লিভারে অতিরিক্ত চর্বি জমছে না তো?

সূর্যোদয় প্রতিবেদন

লিভার এমন এক অঙ্গ যা নীরবে কাজ করে এবং সরাসরি আমাদের সামগ্রিক সুস্থতার ওপর প্রভাব ফেলে। লিভার অতিরিক্ত চর্বি জমা করতে শুরু করলে একে নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার ডিজিজ বলা হয়। তখন বিভিন্ন স্বাস্থ্য সমস্যার জন্য ক্ষেত্র তৈরি করতে পারে। লিভারে অতিরিক্ত চর্বি জমে গেলে তা শুরুতে বুঝতে পারা না-ও যেতে পারে। তবে কিছু লক্ষণ খেয়াল করে দেখলে এটি বুঝতে পারা সম্ভব। চলুন জেনে নেওয়া যাক লক্ষণগুলো কী। পেটের বাড়তি মেদ : অনিচ্ছাকৃত ওজন বৃদ্ধি, বিশেষ করে কোমরের চারপাশে। খাদ্যাভ্যাস এবং নিষ্ক্রিয়তা এক্ষেত্রে দায়ী হতে পারে, তবে ধীর লিভার বিপাক এবং চর্বি ঝরানোর প্রক্রিয়াগুকেও আটকে দিতে পারে। যদি ওজন বৃদ্ধি পায় এবং আপাতদৃষ্টিতে জীবনযাত্রায় কোনো পরিবর্তন না হয়, অথবা যদি আপনার অতিরিক্ত ওজন কমাতে বিশেষভাবে অসুবিধা হয়, বিশেষ করে আপনার কোমরের চারপাশে, তাহলে এটি লিভারে অতিরিক্ত চর্বি জমার কারণ হতে পারে। দীর্ঘস্থায়ী, ব্যাখ্যাতীত ক্লান্তি সবচেয়ে বেশি অবহেলিত লক্ষণ হল ক্রমাগত ক্লান্তি, এমনকি সঠিক বিশ্রামের পরেও। আমরা সবাই মাঝে মাঝে ক্লান্ত বোধ করি। কিন্তু যদি আপনি ক্রমাগত ক্লান্ত থাকেন, মনোযোগ দিতে না পারেন এবং নিজেকে ভারী মনে হতে থাকে, তাহলে আপনার লিভার সম্পর্কে চিন্তা করার সময় এসেছে। ফ্যাটি লিভার তার ডিটক্সিফিকেশন কাজটি সঠিকভাবে করতে পারে না। যে কারণে টক্সিন জমা করে যা এই ক্রমাগত

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঐকমত্যের বিষয়গুলো চূড়ান্ত রূপ দিতে হবে- আলী রীয়াজ

নিজস্ব প্রতিবেদন

জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে চলমান রাজনৈতিক সংলাপের ধারাবাহিকতায় আলোচনা থেকে যেসব বিষয়ে ঐকমত্য অর্জিত হয়েছে, সেগুলোকে দ্রুত চূড়ান্ত রূপ দেওয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজ। সোমবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির দোয়েল হলে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় পর্যায়ের ২১তম দিনের আলোচনার সূচনায় তিনি এই আহ্বান জানান। অধ্যাপক রীয়াজ বলেন, "৩১ জুলাইয়ের মধ্যে সনদের চূড়ান্ত খসড়ায় পৌঁছাতে হবে। এতদিনের দীর্ঘ ও ধারাবাহিক আলোচনার মাধ্যমে যেসব বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য হয়েছে, সেগুলোর ভিত্তিতে আমরা একটি সমন্বিত প্রস্তাব চূড়ান্ত করতে চাই।"



তিনি আরও জানান, বিভিন্ন দলের পক্ষ থেকে প্রাপ্ত প্রস্তাব ও মতামতের ভিত্তিতে একটি খসড়া তৈরি করে সোমবার (৩ আগস্ট) অনুষ্ঠিত ২০তম বৈঠকে রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিদের হাতে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে প্রতিক্রিয়া ও সংশোধনী চেয়ে আগামীকাল (বুধবার) পর্যন্ত সময় দেওয়া হয়েছে। অধ্যাপক রীয়াজ বলেন, "আপনাদের কাছে যে প্রাথমিক খসড়া দেওয়া হয়েছে, তার ওপর যেকোনো ধরনের মন্তব্য আগামীকালের মধ্যে প্রত্যাশা করছি। আমাদের লক্ষ্য, আজ বা আগামীকালের মধ্যেই সংশোধিত খসড়া দলগুলোর কাছে পৌঁছে দেওয়া।" তিনি রাজনৈতিক নেতাদের আন্তরিকতা ও সহনশীলতার প্রশংসা করে বলেন, "কমিশনের প্রতি রাজনৈতিক নেতারা যে সহিষ্ণুতা ও আন্তরিকতা দেখিয়েছেন, তাতে আমরা আশাবাদী যে জাতীয় ঐকমত্যের ভিত্তি আরও সুদৃঢ় হবে।" আজকের আলোচনায় বিএনপি, বাংলাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন



## জাতীয় নাগরিক পার্টি গঠনে সরকারের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতা: টিআইবি

নিজস্ব প্রতিবেদন

গণ-অভ্যুত্থানের পর গঠিত জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) 'কিংস পার্টি' হিসেবে অভিহিত করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি বলছে, এই রাজনৈতিক দলের গঠনে সরকারের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতা রয়েছে। সোমবার রাজধানীর ধানমন্ডিতে টিআইবির কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'কর্তৃত্ববাদী সরকার পতন-পরবর্তী এক বছর: প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক গবেষণা প্রতিবেদন প্রকাশ করে এ মন্তব্য করেন সংস্থার নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। তিনি বলেন, "এটা গোপন করার কিছু নেই। জাতীয় নাগরিক পার্টি সম্পর্কে বলা হয়েছে যে এটি 'কিংস পার্টি'। কারণ, এর সঙ্গে যাঁরা সহযাত্রী ছিলেন, তাঁদের মধ্যে দুজন এখন সরকারে আছেন। সেহেতু এটি প্রকৃত অর্থে সরকারের পৃষ্ঠপোষকতায় গঠিত রাজনৈতিক দল।" টিআইবির গবেষণা প্রতিবেদনে উঠে আসে,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ওভালে টানটান নাটকীয়তার পর শেষ হাসি ভারতের

নিজস্ব প্রতিবেদন

ওভালের ঐতিহাসিক টেস্ট ম্যাচে টানটান উত্তেজনার পর মাত্র ৬ রানের জয়ে সিরিজে সমতা ফিরিয়েছে ভারত। অ্যান্ডারসন-টেন্ডুলকার ট্রফির পাঁচ ম্যাচ সিরিজ এখন ২-২। রুদ্ধশ্বাস ম্যাচে শেষ হাসি হেসেছে মোহাম্মদ সিরাজের দুর্দান্ত বোলিং-নৈপুণ্যে চাঙ্গা ভারতীয় দল। শেষ দিনে ইংল্যান্ডের প্রয়োজন ছিল মাত্র ৩৫ রান, হাতে ৪ উইকেট। কিন্তু সকালবেলার মেঘলা কন্ডিশনে সিরাজের সুইং বোলিংয়ে ধসে পড়ে স্বাগতিকদের ব্যাটিং লাইনআপ। ইনজুরিতে জর্জরিত ক্রিস ওকস শেষ উইকেটে নামলেও জয়ের মুখ দেখেনি ইংল্যান্ড। এর আগে ইংল্যান্ডের হ্যারি ব্রুক (১১১) ও জো রুট (১০৫) দুর্দান্ত শতক হাঁকিয়ে ইংলিশদের জয় প্রায় নিশ্চিত করেই ফেলেছিলেন। তবে চতুর্থ দিনের চা-বিরতির পর বৃষ্টিতে খেলা গড়ায় পঞ্চম দিনে, যা

৩-এর পৃষ্ঠা দেখুন



## সোহানের নেতৃত্বে অস্ট্রেলিয়া সফরে বাংলাদেশ 'এ' দল

নিজস্ব প্রতিবেদন

জাতীয় দলে ফেরা নিয়ে চলমান আলোচনা-সমালোচনার মাঝে আরেকবার প্রমাণের মঞ্চ পাচ্ছেন নুরুল হাসান সোহান। অস্ট্রেলিয়ায় অনুষ্ঠেয় টপ এন্ড টি-টোয়েন্টি টুর্নামেন্টে বাংলাদেশ 'এ' দলের নেতৃত্বে থাকছেন এই উইকেটরক্ষক-ব্যাটসম্যান। ১৫ সদস্যের দলে জায়গা পেয়েছেন তরুণ সম্ভাবনাময় ব্যাটসম্যান জিসান আলম ও উঠতি পেস বোলিং অলরাউন্ডার তোফায়েল আহমেদ। সব ম্যাচই হবে অস্ট্রেলিয়ার ডারউইনে। প্রাথমিক পর্বে ছয়টি ম্যাচ খেলবে বাংলাদেশ। প্রথম ম্যাচ ১৪ আগস্ট পাকিস্তান শাহিন্সের বিপক্ষে। এরপর ১৬ আগস্ট নেপাল, ১৭ আগস্ট পার্থ স্কর্চার্স, ১৯ আগস্ট নর্দান টেরিটরি স্ট্রাইক, ২১ আগস্ট মেলবোর্ন স্টার্স ও ২৩ আগস্ট অ্যাডিলেইড স্ট্রাইকার্সের মুখোমুখি হবে সোহানরা। সেমিফাইনাল ও ফাইনাল

৩-এর পৃষ্ঠা দেখুন



## ট্রাম্প প্রশাসন ভারতের রুশ তেল কিনাকে 'ইউক্রেনে যুদ্ধ অর্থায়ন' বলছে

নিজস্ব প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অন্যতম প্রভাবশালী উপদেষ্টা হোয়াইট হাউসের ডেপুটি চিফ অব স্টাফ স্টিফেন মিলার সিলিকন সাংবাদিকতায় ভারতকে তীব্র ভাষায় উদ্দিষ্ট করেছেন। মিলার এক

৩-এর পৃষ্ঠা দেখুন

## চীন-পাকিস্তান সিল্ক রোড উদ্যোগে যুক্ত হতে চায় ইরান

নিজস্ব প্রতিবেদন

চীন ও পাকিস্তানের যৌথভাবে পরিচালিত বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (বিআরআই) বা সিল্ক রোড অর্থনৈতিক করিডোরে যুক্ত হওয়ার আগ্রহ প্রকাশ করেছে ইরান। রোববার ইসলামাবাদে পাকিস্তান ও ইরানের শীর্ষ পর্যায়ের এক যৌথ বৈঠকে এ আগ্রহের কথা জানানো হয়। ইরানের সড়ক ও নগর উন্নয়নমন্ত্রী ফারজানে সাদেগ, প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ানের সফরসঙ্গী হিসেবে পাকিস্তানে এসে এই প্রস্তাব দেন। তিনি বলেন, চীন-

৩-এর পৃষ্ঠা দেখুন



## ত্রাণ নিতে যাওয়া শিশুর চোখে গুলি করল ইসরাইল

নিজস্ব প্রতিবেদন

ক্ষুধায় কাতর পরিবারের সদস্যদের জন্য খাবারের সন্ধানে বের হওয়া এক শিশুর চোখে গুলি করে ইসরাইলি সেনারা। ১৫ বছর বয়সি ওই শিশুর নাম আবদুল রহমান আবু জাজার। ঘটনাটি ঘটেছে ফিলিস্তিনের গাজা নগরীতে। যুক্তরাষ্ট্র ও ইসরাইল-সমর্থিত জিএইচএফ ত্রাণকেন্দ্রে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের শুল্কে হুমকির মুখে ভারতের রপ্তানি

নিজস্ব প্রতিবেদন

আগামী ৭ আগস্ট থেকে ভারতের রপ্তানিকৃত কিছু পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক কার্যকর করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। ডোনাল্ড ট্রাম্পের এ ঘোষণা ভারতের রপ্তানি খাতের জন্য বড় এক ধাক্কা হয়ে দাঁড়াতে পারে বলে

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলা ভাষাকে 'বাংলাদেশি ভাষা' বলায় ক্ষোভ মমতার

নিজস্ব প্রতিবেদন

বাংলা ভাষা নাকি 'বাংলাদেশি ভাষা', দিল্লী পুলিশের এমন চিঠি পেয়েছে নয়াদিল্লীতে অবস্থিত পশ্চিমবঙ্গের রেসিডেন্স কমিশন অফিস বঙ্গভবন। এমন ঘটনায় বিতর্ক ছড়ানোর পাশাপাশি ব্যাপকভাবে চটেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দলনেত্রী মমতা ব্যানার্জি এবং দলের সংসদ সদস্য অভিষেক ব্যানার্জিও টুইট করে এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। পশ্চিমবঙ্গের শাসক দল তৃণমূল

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## অনলাইন প্রতারণা ঠেকাতে গুগলের নতুন এআই প্রযুক্তি

সূর্যোদয় প্রতিবেদন



অনলাইন প্রতারণা রোধে আরও একধাপ এগিয়েছে গুগল। তাদের জনপ্রিয় ওয়েব ব্রাউজার ক্রোমের ডেস্কটপ সংস্করণে যুক্ত হয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ভাষা মডেল 'জেমিনি ন্যানো'। গুগলের দাবি, এই এআই প্রযুক্তি প্রতারণামূলক ওয়েবসাইট দ্রুত ও কার্যকরভাবে শনাক্ত করতে সক্ষম। ফলে আগে দেখা না যাওয়া নতুন ধরনের স্ক্যামও সহজেই চিহ্নিত করা যাবে। প্রতিষ্ঠানটি জানিয়েছে, ভবিষ্যতে অ্যান্ড্রয়েড সংস্করণেও এই প্রযুক্তি চালু করা হবে। 'জেমিনি ন্যানো'র অন্যতম বৈশিষ্ট্য হলো, এটি জটিল ও বিভ্রান্তিকর ওয়েব কনটেন্ট বিশ্লেষণ করে প্রতারণার ধরন বুঝতে ও প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারে। এতে শুধু পরিচিত স্ক্যাম নয়, বরং নতুন কৌশলে তৈরি প্রতারণাও প্রতিহত করা সম্ভব হচ্ছে। গুগলের তথ্যমতে, ইতোমধ্যে এই প্রযুক্তির মাধ্যমে 'ভুয়া প্রযুক্তি সহায়তা'সংক্রান্ত প্রতারণা শনাক্ত ও রোধ করা হচ্ছে। খুব শিগগিরই ব্যবহারকারীদের সতর্ক করতে চালু করা হবে এআইভিত্তিক অ্যালার্ট সিস্টেম। কোনো সন্দেহজনক নোটিফিকেশন শনাক্ত হলে ব্যবহারকারীর পর্দায় সতর্কবার্তা ভেসে উঠবে। চাইলে ব্যবহারকারী সেই ওয়েবসাইটের নোটিফিকেশন ভবিষ্যতে না পেতে আনসাবস্ক্রাইব

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্চি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## লিভারে অতিরিক্ত চর্বি জমছে না তো?

ক্লান্তির কারণ হতে পারে। ত্বকের অস্বাভাবিক পরিবর্তন, আপনি কি ত্বকের পরিবর্তন লক্ষ্য করেছেন যেমন কালো দাগ (অ্যাক্যানথোসিস নিগ্রিকান) বা স্পাইডার অ্যাঞ্জিওমাস (মাকড়সার মতো শিরা)? বগলে, ঘাড়ে বা কুঁচকিতে সাধারণত দেখা যায় এমন অ্যাক্যানথোসিস নিগ্রিকানস বেশিরভাগ ক্ষেত্রে ইনসুলিন প্রতিরোধের সঙ্গে সম্পর্কিত। এর ফলে লিভার হরমোনগুলোকে ভালোভাবে বিপাক করতে ব্যর্থ হয়। এই আপাতদৃষ্টিতে তুচ্ছ ত্বকের সমস্যাও হতে পারে লিভারে অতিরিক্ত চর্বি জমার লক্ষণ। হজমের অস্বস্তিও হতে পারে লিভারের সমস্যা লক্ষণ। বমি বমি ভাব, পেটে ব্যথা বা অস্বস্তি (সাধারণত উপরের ডান অংশে) এবং চর্বিযুক্ত খাবারের প্রতি অসহিষ্ণুতা দেখা দিলে সতর্ক হোন। লিভার চর্বিতে ভরে গেলে তা পিত্ত তৈরির ক্ষমতাকে ব্যাহত করতে পারে, যা চর্বি হজমের জন্য গুরুত্বপূর্ণ। এর ফলে খাওয়ার পরে বমি বমি ভাব হতে পারে, বিশেষ করে চর্বিযুক্ত খাবার এবং পেটে অস্বস্তি হতে পারে।

## আলী রীয়াজ

জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), গণঅধিকার পরিষদ, গণসংহতি আন্দোলন, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, আমার বাংলাদেশ (এবি) পার্টিসহ মোট ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধি অংশগ্রহণ করেন। আলোচনায় উপস্থিত ছিলেন কমিশনের সদস্য বিচারপতি মো. এমদাদুল হক, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান, সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক ড. বদিউল আলম মজুমদার, সফর রাজ হোসেন এবং ড. মো. আইয়ুব মিয়া। আলোচনার সঞ্চালনায় ছিলেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। কমিশন সূত্রে জানা গেছে, জুলাই সনদ দ্রুত চূড়ান্ত করতে এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ও দীর্ঘদিনের অমীমাংসিত বিষয়ে জাতীয় ঐকমত্য গড়ে তুলতে কমিশন আগামী কয়েকদিন রাজনৈতিক দলগুলোর সঙ্গে ধারাবাহিক আলোচনা অব্যাহত রাখবে।

## টিআইবি

গত বছরের আগস্ট থেকে চলতি বছরের জুন পর্যন্ত মোট ৪৭১টি রাজনৈতিক সহিংসতার ঘটনা ঘটেছে। এসব ঘটনায় ১২১ জন নিহত এবং ৫,১৮৯ জন আহত হয়েছেন। দলভিত্তিক সহিংসতায় জড়িত থাকার চিত্রে দেখা গেছে: বিএনপি ৯২% ঘটনায়, আওয়ামী লীগ ২২%, জামায়াতে ইসলামি ৫%, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ১% (একাধিক সংঘর্ষে একাধিক দল জড়িত থাকায় শতাংশের যোগফল ১০০%-এর বেশি) প্রতিবেদনে আরও বলা হয়, সরকার পতনের পর ঢাকার ৫৩টি পরিবহন টার্মিনাল ও স্ট্যান্ড থেকে প্রতিদিন প্রায় ২ কোটি ২১ লাখ টাকা চাঁদা আদায় হয়েছে, যা ছিল পূর্ববর্তী সময়ের চেয়ে উল্লেখযোগ্যভাবে বেশি। এ ছাড়া সিলেট অঞ্চলে পাথর কোয়ারি, নদী, বাজার, ঘাট, সেতু ও বালুমহালের নিয়ন্ত্রণ দখলে নেওয়া হয়েছে ক্ষমতাসীন গোষ্ঠীর দ্বারা। এসব কর্মকাণ্ডকে বলা হয়েছে "সংগঠিত লুটপাট"। প্রতিবেদনে আরও বলা হয়, রাজনৈতিক দলগুলো 'মব' তৈরি, সড়ক অবরোধ, থানা ঘেরাও ও বিক্ষোভের মাধ্যমে আইনশৃঙ্খলার অবনতি ঘটিয়েছে। পাশাপাশি উদ্দেশ্যপ্রণোদিত রাজনৈতিক মামলার মাধ্যমে বিরোধী মতকে দমন করা হয়েছে। টিআইবি মনে করে, গণঅভ্যুত্থানের পর যারা নতুন রাজনৈতিক শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছে, তারা পুরোনো রাজনৈতিক সংস্কৃতিরই ধারাবাহিকতা বজায় রেখেছে। ক্ষমতার লড়াই, চাঁদাবাজি ও দখলদারিত্বে তারা জড়িয়েছে আত্মঘাতী পথে। টিআইবি'র এই প্রতিবেদন নিয়ে রাজনৈতিক অঙ্গনে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিতে পারে। তবে বিশ্লেষকদের মতে, এটি একটি গুরুত্বপূর্ণ সতর্কবার্তা, যা গণতন্ত্রের ভবিষ্যৎ পথচলায় নীতিনিষ্ঠ ও জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরছে।

## সোহানের নেতৃত্বে অস্ট্রেলিয়া সফরে

অনুষ্ঠিত হবে ২৪ আগস্ট। ফাইনালে উঠলে দুই দিনে তিনটি ম্যাচ খেলতে হবে দলটিকে। সোহান সম্প্রতি বাংলাদেশ 'এ' দলের হয়ে সেঞ্চুরি ও দারুণ পারফরম্যান্স দেখিয়েছেন নিউ জিল্যান্ডের বিপক্ষে সিরিজে। ঘরোয়া ক্রিকেটেও ধারাবাহিকভাবে পারফর্ম করে যাচ্ছেন, কিন্তু জাতীয় দলে জায়গা মিলছে না। এই টুর্নামেন্ট তাই হতে পারে তার ফেরার বড় উপলক্ষ। দলে নতুন আলোচনায় জিসান আলম। গত জাতীয় লিগ টি-টোয়েন্টিতে ২৮১ রান করেছিলেন ১৫৮.৭৫ গড়ে, স্পিন বোলিংয়েও কার্যকর। ২০ বছর বয়সী এই ক্রিকেটার দক্ষিণ আফ্রিকা ইমার্জিং দলের বিপক্ষে খেলেছেন বাংলাদেশ ইমার্জিং দলের হয়ে। আরেক সম্ভাবনাময় অলরাউন্ডার তোফায়েল আহমেদ নজর কেড়েছেন জাতীয় লিগ ও ঢাকা প্রিমিয়ার লিগে ধারাবাহিক পারফরম্যান্সে। দলে রয়েছেন জাতীয় দলের নিয়মিত মুখ মোহাম্মদ নাঈম শেখ ও হাসান মাহমুদ। টি-টোয়েন্টি দলে নিজেদের জায়গা হারানো এই দুই ক্রিকেটারের জন্যও এটি হতে পারে নিজেকে আবার প্রমাণের সুযোগ। একইভাবে ঘরোয়া ক্রিকেটে ধারাবাহিকভাবে পারফর্ম করা মাহিদুল ইসলাম অঙ্কন, অফ স্পিনার নাঈম হাসান, সাইফ হাসান, আফিফ হোসেন, ইয়াসির আলি চৌধুরিরাও আছেন স্কোয়াডে। টপ এন্ড টি-টোয়েন্টির আগের আসরেও ছিল বাংলাদেশের প্রতিনিধি। সেবার আকবর আলির নেতৃত্বে হাই পারফরম্যান্স দল রানার্স আপ হয়েছিল। এবার সোহানের দল শিরোপা জয়ের লক্ষ্যে মাঠে নামবে। টি-টোয়েন্টি টুর্নামেন্ট শেষে বাংলাদেশ 'এ' দল একটি চারদিনের ম্যাচ খেলবে সাউথ অস্ট্রেলিয়ার বিপক্ষে। ম্যাচটি শুরু ২৮ আগস্ট, তবে ভেন্যু এখনও চূড়ান্ত হয়নি। বাংলাদেশ 'এ' দলের স্কোয়াড: নুরুল হাসান সোহান (অধিনায়ক), সাইফ হাসান, মোহাম্মদ নাঈম শেখ, জিসান আলম, মাহিদুল ইসলাম অঙ্কন, ইয়াসির আলি চৌধুরি, আফিফ হোসেন, তোফায়েল আহমেদ, মৃত্যুঞ্জয় চৌধুরি, রকিবুল হাসান, মাহফুজুর রহমান রাব্বি, নাঈম হাসান, মুসফিক হাসান, রিপন মন্ডল, হাসান মাহমুদ।

## ট্রাম্প প্রশাসন ভারতের রুশ তেল

সাক্ষাৎকারে বলেছেন, ''ভারত রাশিয়ার কাছ থেকে তেল কিনে ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে অর্থায়ন করছে, যা গ্রহণযোগ্য নয়।'' তিনি আরও যোগ করেন, ভারতের রুশ তেল কেনার পরিমাণ চীনের প্রায় সমান এটি ''অপ্রত্যাশিত'' দাবি করেন। মিলারের এই অভিযোগ মার্কিন প্রশাসনের ভারতের প্রতি সবচেয়ে কঠোর সমালোচনার মধ্যে একটি, যা দেশটির সাথে আবেগঘন সম্পর্ক থাকা সত্ত্বেও উচ্চারণ করা হলো ট্রাম্প ইতোমধ্যে ভারতীয় পণ্য আমাদানে ২৫% শুল্ক আরোপ করেছেন এবং রাশিয়ার তেল ক্রয়ে যুক্ত দেশগুলোর বিরুদ্ধে ১০০% আমদানি শুল্কের হুমকি দিয়েছেন যদিও শান্তিচুক্তি না হলে এমন কর কার্যকর করা হবে বলে জানান তিনি

তবে ভারত সরকার পুরোপুরি ভিন্ন কণ্ঠে প্রতিক্রিয়া উত্থাপন করেছে। দু'টি শীর্ষস্থানীয় ভারতীয় সরকারি সূত্র গত শনিবার রয়টার্সকে জানিয়েছে, ভারত রুশ তেল কেনা চালিয়ে যাবে কারণ এর পেছনে রয়েছে দীর্ঘমেয়াদি চুক্তি এবং বাণিজ্যিক যুক্তি, রাজনৈতিক চাপ নয় বিদেশ মন্ত্রকের মুখপাত্র রন্ধীর জৈস্বাল বলেছেন, "আমাদের সম্পর্ক মস্কোর সঙ্গে 'ঃঃবধফু ধহফ ঃরসব?ঃবংঃবফ' ড় অন্য কোনো দেশের চোখে নয়। আমরা শক্তির চাহিদা মেটাতে ও বাজার পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নিই।" তিনি আরও উল্লেখ করেন, তেলের উৎস নির্বাচন করা হয় মূল্য, ধরন, লজিস্টিক ও আন্তর্জাতিক পরিস্থিতি বিবেচনায় যার মধ্যে রাজনৈতিক চাপ প্রধান নয় পরিসংখ্যান অনুযায়ী, ২০২৫ সালের প্রথমার্ধে রাশিয়া ভারতের মোট তেল আমদানের প্রায় ৩৫ শতাংশ সরবরাহ করেছিল। ওডিপি অনুসারে, অনেকে মনে করেছিল এই নির্ভরতা কমবে, কিন্তু ডিসেম্বর ২০২৪?এ একটি বড় চুক্তির মাধ্যমে অক্টোবর ২০২৪?এ ভারত বিশ্বের সবচেয়ে বড় রুশ তেল ক্রেতা রূপে উঠেছিল এমনকি ২০২৫ সালের জানুয়ারি এবং মার্চ মাসে রুশ তেল আমদানায় যথাক্রমে ১৩% এবং শতাব্দী পার্শ্ববর্তী বৃদ্ধি দেখা যায় (১.৬৭ মিলিয়ন এবং ১.৫৪ মিলিয়ন ব্যারেল দৈনিক), যা আমদানি বাজারে পুনরুদ্ধারকে নির্দেশ করে ।

## চীন-পাকিস্তান সিল্ক রোড উদ্যোগে

পাকিস্তান অর্থনৈতিক করিডোরে (ঈচউঈ) ইরানের সম্পৃক্ততা আঞ্চলিক সংযোগ এবং উন্নয়নে গতি আনবে। বৈঠকে পাকিস্তানের পক্ষ থেকে অংশ নেন যোগাযোগমন্ত্রী আবদুল আলিম খান, বাণিজ্যমন্ত্রী জাম কামাল খান এবং রেলমন্ত্রী হানিফ আব্বাসি। আলোচনায় উঠে আসে দু'দেশের মধ্যে যোগাযোগ অবকাঠামো উন্নয়ন, বাণিজ্য সম্প্রসারণ এবং চাবাহার-গওয়াদর সমুদ্রপথে সংযোগ বৃদ্ধির বিষয়। পাকিস্তানের যোগাযোগমন্ত্রী ইসরায়েলের বিরুদ্ধে ইরানের কঠোর অবস্থানের প্রশংসা করেন এবং একে মুসলিম বিশ্বের জন্য গর্বের বিষয় হিসেবে উল্লেখ করেন। ইরানি মন্ত্রী ফারজানে সাদেগ পাকিস্তানের এই সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানান এবং কুয়েটা-জাহেদান রুট আধুনিকায়নের প্রস্তাব দেন। বাণিজ্যমন্ত্রী জাম কামাল জানান, পাকিস্তান ও ইরান একে অপরের জন্য সম্ভাবনাময় বাজার হতে পারে। রেলমন্ত্রী হানিফ আব্বাসি বলেন, ইসলামাবাদ-তেহরান-ইস্তাম্বুল রেলপথ উন্নয়নের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং কুয়েটা-জাহেদান রেললাইন সম্প্রসারণ করা হবে। বৈঠকে দুই দেশের মধ্যে মোট ১২টি সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। এগুলোর মধ্যে রয়েছেড় উদ্ভিদ সুরক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, পর্যটন, গণমাধ্যম, জলবায়ু ও আবহাওয়া, সামুদ্রিক নিরাপত্তা, বিচারিক সহযোগিতা এবং মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) চূড়ান্ত করার যৌথ ঘোষণা। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ জানান, দুই দেশ পারস্পরিক বাণিজ্যিক সম্পর্ক ১০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করার প্রতিশ্রুতি দিয়েছে। সফর শেষে ইরানি প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান পাকিস্তানকে আন্তরিক কৃতজ্ঞতা জানান এবং প্রধানমন্ত্রী শাহবাজ শরীফকে তেহরান সফরের আমন্ত্রণ জানান। এদিন তিনি পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলি জারদারির সঙ্গেও বৈঠক করেন। বৈঠকে আঞ্চলিক স্থিতিশীলতা, নিরাপত্তা এবং যৌথ উন্নয়ন সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

## অনলাইন প্রতারণা ঠেকাতে গুগলের

করতে পারবেন। আবার কেউ চাইলে ভুলবশত ব্লক হওয়া নোটিফিকেশন পুনরায় চালুও করতে পারবেন। উল্লেখ্য, প্রতিদিন গুগল সার্চে এআই প্রযুক্তির মাধ্যমে বিপুল পরিমাণ স্ক্যাম ফলাফল ফিল্টার করে সরিয়ে দেওয়া হয়। প্রতিষ্ঠানটির ভাষ্য, ওয়েবের বিশাল তথ্যভান্ডার বিশ্লেষণ করে অনলাইন প্রতারণার প্রচেষ্টা আগেভাগেই চিহ্নিত করতে সক্ষম হচ্ছে তাদের কৃত্রিম বুদ্ধিমত্তা। গুগল জানিয়েছে, সম্প্রতি বিভিন্ন স্ক্যাম সাইটে বিমান সংস্থার গ্রাহকসেবা বিভাগের নাম ব্যবহার করে প্রতারণার প্রবণতা বেড়েছে। তবে 'জেমিনি ন্যানো'র মতো উন্নত এআই ব্যবহারে এ ধরনের প্রতারণা ৮০ শতাংশ পর্যন্ত কমিয়ে আনা গেছে। পাশাপাশি স্ক্যাম সাইট শনাক্তের হার ২০ গুণ পর্যন্ত বেড়েছে বলেও প্রতিষ্ঠানটি দাবি করেছে।

## ত্রাণ নিতে যাওয়া শিশুর চোখে গুলি

গিয়ে চোখে গুলি লাগে জাজারের। তার বাঁ চোখে গুলি করেছেন ইসরাইলি সেনারা। বর্তমানে চিকিৎসাধীন আছে জাজার। চিকিৎসকেরা বলছেন, নির্বিচার বোমা হামলার শিকার অবরুদ্ধ গাজার বাসিন্দারা অনাহারে রয়েছেন।

## ট্রাম্পের শুল্কে হুমকির মুখে ভারতের

মনে করছেন বিশ্লেষকরা। বিশেষ করে টেক্সটাইল ও সামুদ্রিক খাদ্য খাত এতে সরাসরি ক্ষতির মুখে পড়বে। এ অবস্থায় ভারতের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয় একাধিক নীতিগত পদক্ষেপ গ্রহণ করছে। দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার দেশীয় ব্র্যান্ড গড়ে তোলা ও প্রচার বাড়াতে রপ্তানিকারকদের প্রতি আহ্বান জানিয়েছে। একইসঙ্গে, ক্ষুদ্র ও মাঝারি রপ্তানিকারকদের জন্য নানা ধরনের আর্থিক ও কাঠামোগত সহায়তা দেওয়ার পরিকল্পনা করছে সরকার। একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা ভারতের প্রভাবশালী দৈনিক দ্য ইকোনমিক টাইমস-কে জানান, "আমদানির ওপর নির্ভরশীলতা কমাতে হলে ভারতীয় রপ্তানিকারকদের নিজেদের ব্র্যান্ড গড়ে তুলতে হবে। এজন্য ওইঊখ এবং রপ্তানি প্রচার পরিষদগুলোকে যৌথভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে।"

## বাংলা ভাষাকে 'বাংলাদেশি ভাষা'

কংগ্রেসের তরফে দিল্লি পুলিশ নিঃশর্ত ক্ষমা চাওয়ার পাশাপাশি অভিযুক্ত অফিসারদের বিরুদ্ধে কড়া শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে। জানা গিয়েছে, দিল্লিতে অবস্থিত বঙ্গভবনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উদ্দেশ্য করে দিল্লী পুলিশের অধীন লোধি কলোনি পুলিশ থানার তরফে পাঠানো ওই চিঠিটিতে লেখা হয়েছে, বাংলাদেশি সন্দেহে আটকৃত ব্যক্তিদের কাছে থেকে বাজেয়াপ্ত নথি, তথ্য বাংলাদেশি ভাষায় রয়েছে।

## ওভালে টানটান নাটকীয়তার পর শেষ

ভারতের জন্য হয়ে দাঁড়ায় স্বস্তির বার্তা। চূড়ান্ত ধাক্কা দেন সিরাজ। জেমি স্মিথকে আউট করার পর এলবিডব্লিউ করেন ওভারটনকে। এরপর প্রসিদ্ধ কৃষ্ণের দুরন্ত ইয়র্কারে বোল্ড হন জশ টাং। সবশেষে অ্যাটকিনসনকে বোল্ড করে ৫ উইকেট পূর্ণ করেন সিরাজ, ভারতকে এনে দেন রুদ্ধশ্বাস জয়। এই জয়ের ফলে সিরিজের ভাগ্য নির্ধারিত হবে পঞ্চম ও শেষ টেস্টে, যা অনুষ্ঠিত হবে ম্যানচেস্টারে আগামী সপ্তাহে।

## মেহেরপুরে পৃথক তিন মামলায় ১৮

রোডের পাশ থেকে ওই দুইজনকে আটক করেন। পরে তাদের কাছ থেকে মোট ৫ পুরিয়া হেরোইন উদ্ধার করা হয়। ইয়াবা মামলায় একজনের দণ্ড : মোঃ আদম আলীর বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) টেবিলের ১০(ক) ধারায় অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত তাকে ১ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত করেন। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদন্ডের আদেশ দিয়েছে আদালত। ২০২০ সালের ২০ মার্চ গোপন সংবাদের ভিত্তিতে এসআই জিএম আহসান হাবিব অভিযান চালিয়ে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর হালসোনা পাড়ায় আদম আলীকে গ্রেফতার করেন। তল্লাশি চালিয়ে তার কাছ থেকে ৫০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। ভূমি দখল মামলায় ১৫ জনের কারাদণ্ড : ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩-এর ৪(ক)/৭ ধারা অনুযায়ী দায়েরকৃত অভিযোগে ১৫ আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত প্রত্যেককে ১ বছর করে কারাদণ্ড এবং ৫ হাজার টাকা করে অর্থদণ্ডর আদেশ দিয়েছেন। অনাদায়ে প্রত্যেকের আরও ১৫ দিন করে কারাদণ্ডর আদেশ দেন। বাদীর অভিযোগে জানা যায়, অভিযুক্তরা দীর্ঘদিন ধরে তাদের পৈত্রিক জমি অবৈধভাবে লীজ নিয়ে ভোগদখল করে আসছিলেন। লীজের শর্ত অনুযায়ী অর্থ বা ফসল পরিশোধ না করে তারা জমির মালিকপক্ষকে বিভিন্নভাবে ভয়ভীতি ও হুমকি দিতে শুরু করে। জমি দখলে বাধা দিলে বাদী ও স্বাক্ষীদের প্রাণনাশের হুমকিও দেওয়া হয়।

# অবশেষে শাকিব-বুবলীর রোমান্স নিয়ে মুখ খুললেন অপু

বিনোদন প্রতিবেদক

জনপ্রিয় চিত্রনায়ক শাকিব খান বর্তমানে কাজের চেয়ে ব্যক্তি জীবনের বিষয় নিয়েই বেশি আলোচনায় আছেন। প্রায়ই তার সাবেক দুই স্ত্রীর বিভিন্ন বক্তব্য নিয়ে সোশ্যাল মিডিয়ায় আলোচনার ঝড় ওঠে। এতে প্রসঙ্গক্রমেই শাকিবের নাম চলে আসে।

অপু বিশ্বাস ও বুবলী দুজনই শাকিবের সাবেক স্ত্রী হলেও নিয়ম করে তাদের সময় দেন এ তারকা। শাকিব এ মুহূর্তে বুবলীকে নিয়ে যুক্তরাষ্ট্রে আনন্দে সময় পার করছেন। সঙ্গে রয়েছে ছেলে শেহজাদ খান বীর। গতকাল (৩ আগস্ট) তাদের যুক্তরাষ্ট্র ভ্রমণের সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। সেখানে বুবলীর সঙ্গে রোমান্টিক অবস্থায় ধরা দেন শাকিব। এর পরপরই তাদের অনুরাগীরা অপু বিশ্বাসের প্রতিক্রিয়া জানার জন্য মুখিয়ে ছিলেন।

রোববার (৩ আগস্ট) সন্ধ্যায় রাজধানীর বনানীর একটি রেস্টুরেন্টে সিফাত নুসরাতের নতুন একটি বই উন্মোচনের অনুষ্ঠানে ব্যস্ত ছিলেন অপু বিশ্বাস। এ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের একাধিক প্রশ্নের জবাব দেন এ নায়িকা। কথা প্রসঙ্গে যুক্তরাষ্ট্রে শাকিব-বুবলীর ভ্রমণের বিষয়টি নিয়েও অপু বিশ্বাসকে মন্তব্য করতে বলা হয়। এ সময় তিনি বলেন, 'কী অনুভূতি বলবো। মানুষ মানুষকে নাই চিনতে পারে। এটা অস্বাভাবিক কিছু নয়। যেমন ধরুন, আপনি আমাকে ভালোবাসতে পারেন কিন্তু সে মুহূর্তে সিফাতকে নাও ভালোবাসতে পারেন। আবার এমন হতে পারে, আপনি সিফাতকে ভালোবাসেন, আমাকে নাই ভালোবাসতে পারেন। এটাই সত্যি।'



এ সময় শাকিব খানের প্রসঙ্গে প্রশ্ন উঠতেই অপু বিশ্বাস বলেন, 'আমি ১৫ জুন একটা ফেসবুক স্ট্যাটাস দিয়েছিলাম। যদি কেউ সেটা না পড়ে থাকেন তবে আজ অবশ্যই সে স্ট্যাটাসটা পড়ে নিতে পারেন।


**জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১০২৮-৯৮৬১১১, পরিচালক: ০১৭৯৫-৬৩৬৫৮৫, ০১৭১১-৩৫১১১৪
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রেজিস্টার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

**রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮০৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

**মাইক্রোপ্যাথ ল্যাব**
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন

**কাফুর ড্রিংকিং ওয়াটার**
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার, যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন: ০১৯২৩-১২১২৯১, ০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪




**করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১৩১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:০০ টা থেকে রাত ৮ পর্যন্ত

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুষ্টি ( বোস্টান ইউনিভুরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন),এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

**মুক্তি ডায়াগনস্টিক সেন্টার**
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, মাজা ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিমু সাহিদা শাপলা
গাইনী,প্রসুতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন সকাল ১০ টা থেকে৩ টা পযন্ত।
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যথা, ঘাড় ব্যথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

**মেসার্স রুশি ফার্মেসী**
প্রোপাইটার মোঃ রিনু
এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com



**বিসমিল্লাহ্ ফামেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬



**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫



**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

**মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার**
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ৫ আগষ্ট ২০২৫ ইং

## কিশোর সমাজের সম্ভাবনা ও শাদাতের পথচলা

মেহেরপুরের নতুন পাড়ার কিশোর শাহী আল শাদাত যখন '৭১ মিডিয়া আইকনিক অ্যাওয়ার্ড ২০২৫'-এ সামাজিক উদ্যোক্তা ক্যাটাগরিতে ভূষিত হন, তা কেবল একটি ব্যক্তিগত অর্জন নয়, বরং কিশোর সমাজের অন্তর্নিহিত সম্ভাবনার এক প্রতীকী স্বীকৃতি। দেশের কিশোর-কিশোরীদের নিরাপত্তা ও ক্ষমতায়নের লক্ষ্যে তার নেতৃত্বে পরিচালিত ধারাবাহিক কার্যক্রম আজ এক নতুন ভাবনার দ্বার উন্মোচন করেছে। একটি কিশোর যখন সমাজ বদলে দেওয়ার স্বপ্ন দেখে এবং সে স্বপ্ন বাস্তবায়নে নিরলস পরিশ্রম করে, তখন তার পেছনে থাকে দায়িত্বশীলতা, দূরদৃষ্টি ও মানবিক মূল্যবোধ। শাদাতের টিমের উদ্যোগসর্গনিরাপত্তা সচেতনতামূলক কার্যক্রম, মেন্টরশিপ, সেমিনার-কর্মশালা, ডিজিটাল নিরাপত্তা, মানসিক স্বাস্থ্য সহায়তা ও কমিউনিটি সাপোর্ট গঠনের প্রয়াসগুলো প্রমাণ করে, আজকের কিশোররা ভবিষ্যতের নয়, বর্তমান সমাজ রূপান্তরেরও শক্তি। আজ যখন কিশোর বয়সই অনিশ্চয়তা ও বিপন্নতার এক সংকটময় অধ্যায় হয়ে উঠছে, তখন শাদাতের মতো তরুণদের পথচলা আশার আলো দেখায়। এই সম্মাননা উৎসর্গ করা হয়েছে মাইলস্টোন এভিয়েশন দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের স্মৃতির প্রতি একটি আবেগঘন ও মানবিক অভিব্যক্তি, যা সামাজিক উদ্যোগকে আরও তাৎপর্যপূর্ণ করে তোলে। শাদাতের সাফল্য মেহেরপুরের জন্য যেমন গর্বের বিষয়, তেমনি তা দেশের নীতিনির্ধারক, অভিভাবক এবং তরুণ সমাজের প্রতি একটি বার্তা বহন করেড়যদি সুযোগ, দিকনির্দেশনা ও সহায়তা দেওয়া হয়, তবে কিশোররাই সমাজের গভীরতম সমস্যা সমাধানে এগিয়ে আসতে পারে। আমরা আশা করি, শাহী আল শাদাতের এই অর্জন দেশের আরও অনেক কিশোরকে উদ্বুদ্ধ করবে। তার কাজ হবে অনুসরণযোগ্য মডেল, এবং তার স্বপ্ন হবে ভবিষ্যতের বাংলাদেশ গড়ার অনুপ্রেরণা।

## রাসেলের মৃত্যু: দুর্ঘটনা না কি হত্যাকাণ্ড?

দুর্ঘটনার স্থান হিসেবে যে ভাঙ্গা (ফরিদপুর) উল্লেখ করা হয়েছে, তা বরিশাল-মেহেরপুর রুটের মাঝামাঝি অবস্থিত। স্থানীয় বাস-পরিবহন সূত্রের মতে, এই রুটে দুর্ঘটনার কোনো নিশ্চিত প্রমাণ মেলেনি। কোন থানা বা হাইওয়ে পুলিশের কাছেও সড়ক দুর্ঘটনার রিপোর্ট নেই।

দেহে রয়েছে গভীর ক্ষত, দুর্ঘটনার সাথে মিলহীন চিহ্ন । হাসপাতাল সূত্র জানায়, রাসেলের মাথা, কোমর ও উরুর মাঝামাঝি অংশে গভীর আঘাতের চিহ্ন রয়েছে। স্থানীয়ভাবে প্রশ্ন উঠছে এই ধরনের নির্দিষ্ট আঘাত কি আদৌ সড়ক দুর্ঘটনার পরিণাম হতে পারে? নাকি ভিন্ন কোনো সহিংস ঘটনার শিকার হয়েছেন রাসেল? একজন স্বাস্থ্যকর্মী নাম প্রকাশ না করার শর্তে বলেন, "আঘাতের ধরন দেখে মনে হচ্ছে এটি পরিকল্পিত নির্যাতনের ফল হতে পারে। তবে ময়নাতদন্ত ছাড়া নিশ্চিত কিছু বলা যাচ্ছে না।" রাসেলের জীবনও ছিল সংগ্রামের। বাবা বহু আগেই পরিবার ত্যাগ করেন। মা-ও পুনরায় বিয়ে করে অন্যত্র চলে যান। ফলে ছোটবেলা থেকেই নানার কাছে মানুষ হন রাসেল। শারীরিক শ্রমে জীবিকা চালাতেন, কিন্তু জীবনের শেষ অধ্যায়টি হলো এক অজানা দুর্ভাগ্যের নাম। এখনো পর্যন্ত প্রশাসনের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি। থানায় মামলা দায়েরের বিষয়ে স্পষ্ট তথ্য পাওয়া যায়নি। এলাকাবাসী বলছে, বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টাও থাকতে পারে।

রাসেলের নিকট আত্মীয়েরা বলছেন, "আমরা চাচ্ছি প্রকৃত ঘটনা উদঘাটন হোক। এটা দুর্ঘটনা নয় আমাদের সন্দেহ রাসেলকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে।"

## গাংনীতে ডিসি ইকোপার্ক উন্নয়ন

সেড করা হয়নি। অথচ কাগজে বলা হয়েছে, কাজ সম্পন্ন হয়েছে।" সবচেয়ে বিতর্কিত বিষয় হলো, প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভাপতি ও সদস্যদের ভূমিকাকে পাশ কাটিয়ে তাদের শুধু স্বাক্ষরের জন্য ৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে বলে অভিযোগ। সাহারবাটি ইউনিয়নের ইউপি সদস্য ও পিআইসি সভাপতি জরিমন নেছা বলেন, "আমাকে শুধু ৫ হাজার টাকা দেওয়া হয়েছে। স্বাক্ষর নেওয়ার সময় বলা হয়েছিল, বাকিটা পরে দেবে। কিন্তু আর কিছু পাইনি।"

আরেক পিআইসি সভাপতি ফেরদৌসী আক্তার বলেন, "আমাকে শুধু নামেই পিআইসি বানানো হয়েছে। কাজ সব করেছে পিআইও অফিস।"

অভিযুক্ত পিআইও মনসুর রহমান অবশ্য অভিযোগ অস্বীকার করে বলেন, "আমি কাউকে টাকা দিইনি। কে কাকে দিয়েছে বা পিআইসি বানিয়েছে, সেটা আমার জানা নেই।" সাহারবাটি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আসমাতারা খাতুন জানান, "কাজগুলো সম্পর্কে বিস্তারিত জানি না। তবে মেম্বারদের হাতে কিছু টাকা ধরিয়ে দেওয়ার ঘটনা সত্য।" গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন,"অভিযোগের ভিত্তিতে বিষয়টি তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।" উঠছে একাধিক প্রশ্ন । সরকারি প্রকল্পে পিআইসি ও স্থানীয় প্রতিনিধিদের সক্রিয় ভূমিকা থাকার কথা থাকলেও এখানে সব সিদ্ধান্ত এবং অর্থ উত্তোলন পিআইও অফিস এককভাবে নিয়েছে বলে অভিযোগ। কমিটির সদস্যদের কেবল 'স্বাক্ষরদাতা' বানিয়ে ব্যবহার করায় প্রশ্ন উঠেছে এই অর্থ কোথায় গেল? পিআইও কার স্বার্থে কাজ করেছেন? সরকারি পর্যবেক্ষণ কোথায় ছিল? স্থানীয় সুশীল সমাজের দাবি, এ ঘটনা শুধু অনিয়ম নয় এটি 'সুপরিকল্পিত দুর্নীতি'র নমুনা। তারা দ্রুত উচ্চপর্যায়ের তদন্ত ও অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।

## রাষ্ট্রপতি

নিশ্চিত করা।" রাষ্ট্রপতি বলেন, "আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি সকল শহীদদের, যারা স্বৈরাচার ও নিপীড়নের বিরুদ্ধে লড়াই করে দেশকে মুক্ত করতে গিয়ে নিজেদের প্রাণ দিয়েছেন। তাঁদের আত্মত্যাগ জাতির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। পাশাপাশি আহত, পঙ্গুত্ব বরণকারী ও দৃষ্টিশক্তি হারানো যোদ্ধাদের প্রতিও জানাই গভীর কৃতজ্ঞতা।" তিনি শহীদ পরিবার ও আহতদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করাকে রাষ্ট্রের একটি 'পবিত্র দায়িত্ব' হিসেবে আখ্যায়িত করেন এবং বলেন, "এই দায়িত্ব পালনে রাষ্ট্র অঙ্গীকারবদ্ধ।" রাষ্ট্রপতির মতে, এই গণ-অভ্যুত্থান শুধু একটি তাৎক্ষণিক প্রতিক্রিয়া ছিল না; বরং এটি একটি বহুবছরের পুঞ্জীভূত ক্ষোভের বহিঃপ্রকাশ, যা একটি গণতান্ত্রিক, ন্যায়ভিত্তিক এবং জনকল্যাণমুখী রাষ্ট্র গঠনের স্বপ্নকে সামনে নিয়ে এগিয়ে গিয়েছিল। তিনি আরও বলেন, "জুলাই গণ-অভ্যুত্থানের পরবর্তী সময়ে রাষ্ট্র ব্যাপকভিত্তিক সংস্কার প্রক্রিয়ার মধ্য দিয়ে এগিয়ে চলেছে। এই সংস্কার অভ্যুত্থানের আশা-আকাঙ্ক্ষাকে প্রতিফলিত করছে এবং একটি প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার ভিত্তি রচনা করছে।" এ সময় রাষ্ট্রপতি সকলকে ফ্যাসিবাদের বিরুদ্ধে সোচ্চার থেকে "জুলাইয়ের চেতনা" বাস্তবায়নের আহ্বান জানান এবং বলেন, "এই চেতনার বাস্তবায়নই পারে একটি সুখি, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে।"

## জলবায়ু সচেতনতায় ভৈরব বালিকার

যুক্তিনির্ভর বক্তব্য উপস্থাপন করে। বিতর্কে অংশগ্রহণকারী বিভিন্ন দলের মধ্য থেকে চ্যাম্পিয়ন হয় ফহমিদা তাসমিন কান্তা, রুমি খাতুন ও জান্নাতুল ফেরদৌস রিপা-এর সমন্বয়ে গঠিত দল। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন আঁখি আরা খাতুন। বিতর্কের মডারেটর হিসেবে দায়িত্ব পালন করেন শিক্ষক নাদিমুল হক। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমা সালেহিন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, "জলবায়ু পরিবর্তন একটি বৈশ্বিক সংকট। আগামী প্রজন্মকে সচেতন করতে এমন প্রতিযোগিতা অত্যন্ত সময়োপযোগী।" বশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম। আরও বক্তব্য রাখেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আনসারুল হক। আয়োজকরা জানান, জলবায়ু পরিবর্তনের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতে শিক্ষার্থীদের যুক্তিভিত্তিক চর্চা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিবছর এ ধরনের আয়োজন অব্যাহত থাকবে।

## বিদ্যুৎস্পৃষ্টে গরুর মৃত্যু

গরুটি ঘাস খেতে খেতে ভ্যানটির নিচে ঢুকে পড়ে এবং সঙ্গে সঙ্গে

আশরাফুন নাহার

# প্রতিবন্ধী ব্যক্তি সম্মান ও অধিকারের স্বীকৃত পরিভাষা

আমরা অনেক সময় ভালো উদ্দেশ্যে, সহানুভূতির



বশবর্তী হয়ে, প্রতিবন্ধী ব্যক্তিদের "বিশেষ চাহিদাসম্পন্ন", "সুবর্ণ নাগরিক" কিংবা "ডিফারেন্টলি অ্যাবল্ড" নামে সম্বোধন করি। শব্দচয়নটি হয়তো হৃদয়গ্রাহী মনে হয়, কিন্তু বাস্তবে এগুলো আদৌ কি সঠিক ও সম্মানজনক পরিভাষা? বরং প্রশ্ন করা জরুরি কেন "প্রতিবন্ধী ব্যক্তি" পরিভাষাটিই অধিকতর যথাযথ? প্রথমত, আন্তর্জাতিকভাবে স্বীকৃত সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল জাতিসংঘের প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সনদ (ইউএনসিআরপিডি) তাতে স্পষ্টভাবে ব্যবহৃত হয়েছে "পার্সনস উইথ দিসাবিলিটিজ " যার স্বীকৃত বাংলা রূপ হচ্ছে "প্রতিবন্ধী ব্যক্তি"। বিশ্বজুড়ে প্রায় সব রাষ্ট্র, আন্তর্জাতিক সংস্থা এবং অধিকারভিত্তিক সংগঠন এই পরিভাষাটিই ব্যবহার করে। দ্বিতীয়ত, আমাদের জাতীয় আইন "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩" তাতে আইনি ভাষায় এবং দৃঢ়তায় ব্যবহার করা হয়েছে "প্রতিবন্ধী ব্যক্তি" শব্দটি। আইনটি ১২ প্রকারের প্রতিবন্ধিতাকে স্বীকৃতি দিয়ে নাগরিক অধিকার নিশ্চিত করেছে। তাই, এই শব্দচয়ন কেবল ভাষার প্রশ্ন নয়, বরং তা সরাসরি সংযুক্ত রয়েছে সুরক্ষা, সুযোগ এবং অধিকার আদায়ের সঙ্গে। তবে আমাদের সমাজে এখনো অনেকেই "প্রতিবন্ধী" শব্দকে নেতিবাচক হিসেবে বিবেচনা করেন। সেই ভাবনা থেকেই জন্ম নেয় "বিশেষ চাহিদা সম্পন্ন" কিংবা "সুবর্ণ নাগরিক" জাতীয় শব্দ। কিন্তু এ ধরনের শব্দ প্রয়োগের মধ্য দিয়ে আসলে আমরা প্রতিবন্ধকতার বাস্তবতা ঢেকে ফেলি। যখন বলা হয় "বিশেষ চাহিদা সম্পন্ন", তখন প্রশ্ন জাগে কার চাহিদা বিশেষ নয়? প্রতিটি মানুষই তো আলাদা। আবার "ডিফারেন্টলি অ্যাবল্ড" বলতে গিয়ে আমরা হয়তো সামর্থ্য দেখাতে চাচ্ছি, কিন্তু প্রতিবন্ধকতার প্রাত্যহিক চ্যালেঞ্জগুলোকে অদৃশ্য করে ফেলি যা অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায়। এই প্রেক্ষাপটে আমাদের করণীয় কী?

আমাদের করণীয় হলো আইনি, আন্তর্জাতিক ও মানবিকভাবে স্বীকৃত পরিভাষা ব্যবহার করা। কোনো অলংকৃত বা আড়ম্বরপূর্ণ শব্দে সম্মান নয়, বরং বাস্তব অবস্থানকে স্বীকার করেই সম্মান দেখানো উচিত। তাই "প্রতিবন্ধী ব্যক্তি", "প্রতিবন্ধী নারী" বা "প্রতিবন্ধী শিশু"ড়এই শব্দগুলোই হওয়া উচিত আমাদের ভাষার অংশ। শুধু ভাষা নয়, ভাষার মধ্য দিয়েই আমরা ভাবনার পরিবর্তন ঘটাতে পারি। "প্রতিবন্ধী ব্যক্তি" বলার মধ্য দিয়ে আমরা একজন মানুষের পরিচয়কে তার প্রতিবন্ধকতার সঙ্গে নয়, বরং তার ব্যক্তি হিসেবে স্বীকৃতি ও অধিকার প্রতিষ্ঠার জায়গা থেকে দেখতে শিখি।

আমরা যদি চাই একটি অন্তর্ভুক্তিমূলক, সমান সুযোগসুবিধার সমাজ গঠন করতে, তবে আমাদের শুরু হোক সঠিক শব্দ ব্যবহারের মধ্য দিয়ে। সম্মান দিতে হলেড়প্রথমত স্বীকার করি, তারপর সহযোগিতা করি। (লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# ইসলাম শিশুদের প্রতি দায়বোধে উদ্বুদ্ধ করে

মাওলানা মুহম্মাদ আশরাফ আলী

আল্লাহ তায়ালা মানুষকে সৃষ্টির সেরা জীব হিসেবে সৃষ্টি করেছেন। কোরআনে মানুষকে অত্যন্ত সম্মানিত মর্যাদা দেয়া হয়েছে। যেমন আল্লাহ বলেছেন, "আমি মানুষকে অতি সুন্দর অবয়বে সৃষ্টি করেছি।" (সূরা ত্বিন, আয়াত ৪) রাসূল (সা.) মানবজাতিকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য প্রেরিত হয়েছিলেন। শিশুদের জন্যও তাঁর মূল্যবান নির্দেশনা রয়েছে। শিশুর জন্মের সময় সে কথা বলতে, হাঁটতে বা বুঝতে পারে না। তাকে গড়ে তুলতে হয় ধীরে ধীরে। এজন্য শিশুর ভালোমন্দ বোঝানো ও শেখানো অভিভাবকদের দায়িত্ব। এটি শিশুর অধিকার, যা ইসলামে গুরুত্বের সঙ্গে বলা হয়েছে। আজকের শিশু আগামী দিনে পরিবারের, সমাজের ও দেশের নেতৃত্বের দায়িত্বে থাকবে। তাই শিশুকে সঠিকভাবে গড়ে তোলা একান্ত প্রয়োজন। আমাদের প্রত্যেকেই একসময় শিশু ছিলাম, তখন মা-বাবা, শিক্ষক ও অভিভাবকদের যত্ন ও শিক্ষায় বড় হয়েছি। যারা ভালো পরিচর্যা ও শিক্ষা পেয়েছে, তারাই সফল হয়েছে। ইসলামে শিশুর সুশিক্ষা ও পরিচর্যা 'হুকুফুল আতফাল' বা শিশু অধিকার হিসেবে স্বীকৃত। কৃষকের মতো, যারা ভালো চারা গড়ে তোলে, তারা ভালো ফল পায়। ঠিক তেমনি শিশুকে ভালোভাবে গড়ে তোলা হলে জাতি সুস্থ ও উন্নত হবে। কোরআনে বলা হয়েছে, আল্লাহ মানুষকে মর্যাদা দিয়েছেন এবং তাদের অন্য সব সৃষ্টির ওপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন। মানুষ মাটির সিক্ত কাদা থেকে সৃষ্টি, যা আল্লাহর অনন্য সৃষ্টি। তাই আমরা সবাই সৃষ্টির সেরা জাতি ।সব মানুষ সমান হলেও, আল্লাহর কাছে বেশি প্রিয় হচ্ছে যারা বেশি খোদাভীরু। এজন্য শিশুদের ইমানদার ও নৈতিক শিক্ষা দেয়া জরুরি, যাতে তারা আল্লাহর প্রতি আনুগত্য ও ভালোবাসা বজায় রাখতে পারে। এই শিক্ষায় ইসলাম কোনো বিকল্প রাখেনি। বাংলাদেশে অধিকাংশ মানুষ মুসলমান। যদিও অনেক শিক্ষাপ্রতিষ্ঠান আছে, সেখানে জীবনের প্রয়োজনে প্রয়োজনীয় শিক্ষা বা নৈতিক শিক্ষা সঠিকভাবে দেওয়া হয় না। এর ফলে অনেক শিক্ষার্থী নৈতিক সংকটে পড়ে। সমাধান হলো ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে আধুনিকীকরণ করা, যেখানে দেশের ইতিহাস, মুক্তিযুদ্ধের শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি শেখানো হবে। ইসলামের মানবতাবাদী দৃষ্টিভঙ্গিতে শিশুদের গড়ে তোলা হবে। ইসলামে জ্ঞান অর্জন ফরজ। শিশুরা আল্লাহ প্রদত্ত অধিকার হিসেবে সব ধরনের জ্ঞান অর্জনের সুযোগ পাবে। কারণ আল্লাহই সকল জ্ঞানের উৎস।

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যায়। ঘটনার কিছু সময় পর গরুটির মালিক খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন এবং মৃত গরুটিকে উদ্ধার করে নিয়ে যান। নিহত গরুটি শহরে খোলা অবস্থায় ঘুরে বেড়ানো গবাদি পশুগুলোর একটি বলে নিশ্চিত করেছেন স্থানীয়রা। কেউ কেউ গরুটির মালিকের অসচেতনতার কথা বললেও, অনেকেই অব্যবস্থাপনার কারণে এ দুর্ঘটনার জন্য ভ্যান মালিককে দায়ী করছেন। বিশেষ করে জনবসতিপূর্ণ এলাকায় নিরাপত্তা ব্যবস্থা না রেখে বিদ্যুৎ সংযোগে চার্জার ভ্যান রাখা কতটা বিপজ্জনক হতে পারে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। এলাকার সচেতন নাগরিকরা বলেন, শহরের অলিগলিতে অনেক সময় চার্জার ভ্যান, রিকশা বা অন্যান্য বৈদ্যুতিক যানবাহন খোলা তারে চার্জে সংযুক্ত রাখা হয়, যা শুধু পশু নয়, মানুষের জন্যও মারাত্মক বিপদ ডেকে আনতে পারে। তারা আরও বলেন, কর্তৃপক্ষ যদি শহরের মধ্যে ঘুরে বেড়ানো গবাদি পশু ও জননিরাপত্তা সংক্রান্ত বিষয়ে নজর না দেয়, তাহলে এমন দুর্ঘটনা আরও ঘটতে পারে। এজন্য পৌর প্রশাসন, বিদ্যুৎ বিভাগ এবং সংশ্লিষ্টদের দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি জানান

## কুষ্টিয়ায় বিএনপির আনন্দ র‍্যালি ও

পুর বাসস্ট্যান্ডের ঈগল চত্বরে অনুষ্ঠিত এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক শহিদুল ইসলাম। অধ্যাপক শহিদুল বলেন, "আওয়ামী ফ্যাসিবাদী সরকার গত ১৭ বছর ধরে বিএনপির কোনো কর্মসূচি পালনের সুযোগ দেয়নি। আজ মিরপুরবাসী সেই দমন-পীড়নের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে আনন্দ র‍্যালি করেছে।" তিনি বিএনপি'র ৩১ দফা কর্মসূচির কথা উল্লেখ করে বলেন, "বিদ্যুৎ ও জ্বালানি খাতের আধুনিকায়ন, প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহারের পাশাপাশি বেকার যুবকদের দক্ষ করে কর্মসংস্থান নিশ্চিত করতে হবে।" আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ, সদস্যসচিব ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকার, মিরপুর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি খন্দকার ওমর ফারুক কুদ্দুস, পৌর বিএনপির সভাপতি আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক এনামুল হক বাবু, সাধারণ সম্পাদক ইব্রাহিম আলী প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন মিরপুর উপজেলা বিএনপির সভাপতি আশরাফুজ্জামান শাহিন এবং সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক হাজী খন্দকার টিপু সুলতান। সভা শেষে হাজারো নেতা-কর্মীর অংশগ্রহণে একটি বর্ণাঢ্য আনন্দ র‍্যালি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

## আলেম-ওলামার ভূমিকা স্মরণে

করা হয়। ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীরের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. সিদ্দিকুর রহমান। এছাড়াও বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবায়দুর রহমান, হাসনাত জামান প্রমুখ। তাঁরা আলেম সমাজের আত্মত্যাগ ও ধর্মীয় মূল্যবোধ থেকে শিক্ষা নিয়ে বর্তমান প্রজন্মকে সঠিক পথ অনুসরণের আহ্বান জানান। বক্তারা আরো বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল দেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মাইলফলক। এই গণআন্দোলনে আলেম-ওলামারা তাঁদের জ্ঞান ও ধর্মীয় নেতৃত্বের মাধ্যমে জাতিকে সাহস যুগিয়েছিলেনইসলামের আলোকে দেশপ্রেম ও ন্যায়ের পক্ষে দাঁড়ানো আলেম-ওলামাদের কর্তব্য।আলোচনা শেষে দেশের শান্তি, অগ্রগতি ও জাতির কল্যাণ কামনায় বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

দিলে এবং খুব ভালোভাবে হবে নির্বাচন।" সোমবার সকালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন উপদেষ্টা। উপদেষ্টা বলেন, নির্বাচন যে সময়েই হোক, সেসময় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রাখার জন্য সরকার সবধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। বাহিনীকে নির্বাচনকালীন দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণও দেওয়া হচ্ছে বলে জানান তিনি। সম্প্রতি ৫ আগস্ট ঘিরে জনমনে যে আতঙ্ক বিরাজ করছে, সে বিষয়ে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "৩ আগস্ট নিয়েও মানুষের মনে আতঙ্ক ছিল, কিন্তু কিছু হয়নি। তেমনি ৫ আগস্ট নিয়েও কোনো আতঙ্কের কারণ নেই। আল্লাহর ইচ্ছায় সব কিছু ভালোভাবে হয়ে যাবে।" নির্বাচন সামনে রেখে দেশব্যাপী বিশেষ অভিযান চলমান রয়েছে উল্লেখ করে তিনি বলেন, "আমাদের যে পরিমাণ অস্ত্র হারিয়েছে, সবগুলো উদ্ধার করা সম্ভব হয়নি। তবে উদ্ধার তৎপরতা অব্যাহত আছে।" একই সঙ্গে তিনি বলেন, বাহিনী একদিকে মনোযোগী হলে অন্যদিকে অপরাধ বেড়ে যেতে পারেড়এ কারণে ভারসাম্য রেখে অভিযান চালানো হচ্ছে। সাম্প্রতিক সময়ে কিশোরদের সহিংসতায় জড়িত হওয়ার ঘটনাকে উদ্বেগজনক বলে উল্লেখ করেন উপদেষ্টা। মোহাম্মদপুরে চার শিশুর চাপাতি নিয়ে হামলার প্রসঙ্গ টেনে তিনি বলেন, "আগে এসব ঘটনা ছিল না। সমাজ ও পরিবারের সচেতনতা এখন জরুরি।" মব ভায়োলেন্স বা গণপিটুনির ঘটনা কমছে বলেও দাবি করেন উপদেষ্টা। তিনি বলেন, "আমরা কোনো ছাড় দিচ্ছি না। পরিস্থিতির উন্নতি হচ্ছে, ভবিষ্যতে আরও কমবে।" নির্বাচনে কে অংশ নেবে, কে নেবে নাড়এটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব নয় বলে জানান উপদেষ্টা। তবে নির্বাচনকালে সবার জন্য সমান নিরাপত্তা নিশ্চিত করা হবে বলেও তিনি আশ্বাস দেন। "যে বেশি ঝুঁকিতে থাকে তাকে একটু বেশি নিরাপত্তা দেওয়া হয়, এটা কোনো পক্ষপাত নয়," বলেন তিনি।

## গোপালপুরে দোকানে চুরির চেষ্টাকালে

গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দিলেন স্থানীয়রা

ঢুকে অস্বাভাবিক আচরণ করতে থাকে। সে বিভিন্ন অঙ্গভঙ্গি করে কৌশলে দোকানের মালামাল নিতে চায়। পরে জানতে পারি, সে এক হেরোইন বিক্রেতার কাছ থেকে মাদক নিয়ে দোকানে প্রবেশ করেছে। বিষয়টি সন্দেহজনক মনে হলে আমরা স্থানীয়দের সহযোগিতায় তাকে আটকে রাখি এবং পুলিশে খবর দিই।" খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যুবককে আটক করে থানায় নিয়ে যায়। মেহেরপুর সদর থানার ওসি (তদন্ত) জানান, "চুরির চেষ্টায় আটক যুবককে থানায় আনা হয়েছে। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।"

## শেখ হাসিনার বিরুদ্ধে

আসামি আলমামুন আদালতে দায় স্বীকার করে রাজসাক্ষী হয়েছেন। প্রথম সাক্ষী খোকন চন্দ্র বর্মণ ট্রাইব্যুনালে বলেন, যাত্রাবাড়ীতে পুলিশের গুলিতে তিনি গুরুতর আহত হন। তাঁর মুখ বিকৃত হয়ে গেছে, যা তিনি আদালতে প্রদর্শন করেন। তিনি শেখ হাসিনা, আসাদুজ্জামান খান, ওবায়দুল কাদের, চৌধুরী আল-মামুন ও শামীম ওসমানকে 'হাজার হাজার মানুষ হত্যার জন্য' দায়ী করেন।

রাষ্ট্রপক্ষ ১১টি ঘটনার ওপর মামলাটি কেন্দ্রীভূত করেছে, যাতে মানবতাবিরোধী অপরাধের প্রতিটি উপাদান প্রমাণ করা যায়। অ্যাটর্নি জেনারেল আসাদুজ্জামান অভিযুক্তদের সর্বোচ্চ শাস্তি দাবি করেন। পলাতক আসামি শেখ হাসিনা ও আসাদুজ্জামান খানের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী মো. আমির হোসেন।

## বিএনপি জুলাই সনদে স্বাক্ষর করতে

সঙ্গে সঙ্গে তারা তা স্বাক্ষর করবে এবং সংশোধনীসহ প্রয়োজনীয় জবাব দাখিল করেছে। এতে বোঝা যায়, বিএনপি এর মধ্যে কোনও ধরনের অনির্দিষ্টতা দেখাননি, বরং তারা প্রক্রিয়াটির সঙ্গে একমত ও সহযোগিতা করতে আগ্রহী। বিএনপি জুলাই ঘোষণাপত্রের ঐতিহাসিক ও রাজনৈতিক গুরুত্ব বোঝাতে গুরুত্ব দেয়। তারা বলেছে, এই ঘোষণাপত্রের যে প্রস্তাবগুলো দেওয়া হয়েছিল, বিএনপি তা ফেব্রুয়ারিতেই জবাব দিয়েছে। তবে, তারা জানায়, তারা প্রস্তাবের মধ্যে ২৬ মার্চকে অন্তর্ভুক্ত করতে চাননি, যা সংগঠনের চৌকস দ্বিমত। এর পাশাপাশি, ঘোষণাপত্রের বাস্তবায়ন জন্য রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতি চতুর্থ তপশিলের মাধ্যমে দেওয়ার বিষয়টি উল্লেখ করে। যদি প্রস্তাবনায় সংশোধনী গ্রহণ না করা হয়, তবে বিএনপি বলেছে, ঘোষণা পড়ার পর তারা প্রয়োজনীয় প্রতিক্রিয়া জানাবে। বিএনপি একদিকে বলছে, তারা কোনো অনীহা দেখাচ্ছে না; অন্যদিকে, কিছু প্রশ্ন উঠছে, তারা কি সদিচ্ছা দেখাচ্ছে না বা সহযোগিতা করছে নাড়এসব বিষয় বাস্তবতা থেকে দেখা যায়। আবার কেউ কেউ বলছে, বিএনপি কোনো কারণে এই প্রক্রিয়াকে দীর্ঘায়িত করছে। তবে, দলটির পক্ষ থেকে বলা হয়েছে যে, তারা নিশ্চয়তা পেলে সামনের স্টেপ নেবে। আওয়ামী লীগ বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিএনপির সম্পর্কের গতিপ্রকৃতি দেখে বোঝা যায় যে, রাজনৈতিক পরিস্থিতি এখন জটিল ও সংবেদনশীল। প্রেস ব্রিফিংয়ে সালাহউদ্দিন আহমদ স্পষ্ট করেছেন, তারা সবকিছু আইনি ভিত্তিতে করতে চান এবং ফ্যাসিবাদবিরোধী ঐক্য বজায় রাখতে চায়। সাম্প্রতিক সময়ে, ৫ আগস্টের জন্য কেন্দ্রীয় আ.লীগের নেতাদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানো হয়েছে এবং এই কারণে রাজনৈতিক অঙ্গনে নানা আলোচনা চলছে। এর মধ্যে, বিএনপির দাওয়াত না পেয়ে কিছুটা অসন্তোষ প্রকাশ পাচ্ছে। মানিক মিয়া অ্যাভিনিউয়ের অনুষ্ঠানে বিএনপি এখনও দাওয়াত পায়নি বলে তারা জানান। তাৎপর্যপূর্ণভাবে, এই পরিস্থিতিতে দলটির বক্তব্য স্বাভাবিক আলোচনা ও আলোচনার মাধ্যমে সমাধানের আশা প্রকাশ করছে। সাম্প্রতিক সময়ে, বিএনপি তাদের প্রস্তুতি ও স্ট্র্যাটেজি স্পষ্ট করেছে যে, তারা যেকোনো পরিস্থিতিতে জুলাই সনদে স্বাক্ষর করতে প্রস্তুত। তবে, কিছু নির্দিষ্ট শর্ত ও জাতীয় স্বার্থে বিষয়টি সম্পন্ন করতে তারা আইনি ও রাজনৈতিক ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্ব দিয়েছে। সামগ্রিকভাবে, এই আলোচনাগুলো বোঝায় যে, রাজনৈতিক আলোচনার চূড়ান্ত ফলাফলের জন্য কিছু সময় লাগতে পারে, তবে বিএনপি প্রস্তুত ও আগ্রহী বলেই দৃষ্টি রয়েছে।

## বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম মাষ্টার

মুক্তিযোদ্ধা থানা কমাণ্ডার আবুল কাশেম মাষ্টার আর নেই। ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রজেউন। গতকাল রবিবার সন্ধ্যায় তাঁর নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। মৃত্যু কালে তাঁর বয়স হয়েছিলো ৭০ বছর। তিনি মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এছাড়া শিক্ষা বিস্তারে তাঁর ভূমিকা ছিলো উল্লেখ যোগ্য। শুধু হাট বোয়ালিযা নয় গাংনীর শিক্ষা ও সাংস্কৃতিক অঙ্গণে তার গুরত্বপূর্ণ ভূমিকা ছিলো। আজ মঙ্গলবার সকাল ১০ টায় গার্ড অব অনার শেষে রাস্ট্রীয় মর্যাদায় তাঁকে দাফন করা হবে। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর মৃত্যুতে সামাজিক সাংস্কৃতিক সংগঠন সহ বিভিন্ন মহল শোক জ্ঞাপন করেছেন।

## টাইফয়েড টিকা ক্যাম্পেইন উপলক্ষে

উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মেডিকেল অফিসার ডা. কামরুন নাহার। তিনি টাইফয়েড টিকা ক্যাম্পেইনের গুরুত্ব, লক্ষ্য ও করণীয় তুলে ধরেন।

সভায় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সাহারিয়া শায়লা জাহান, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আনজুমান আরা, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজু মুনীর, ডা. রফিকুল ইসলাম, সাংবাদিক ফজলুল হক মন্টু, মিজানুর রহমান অপু, শের খান, জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সদর উপজেলা সভাপতি শফিকুল ইসলাম মিন্টু।

এছাড়াও স্বাস্থ্য, শিক্ষা, ধর্মীয় ও সামাজিক খাতের বিভিন্ন প্রতিনিধিসহ সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম সভায় অংশগ্রহণ করেন। বক্তারা বলেন, টাইফয়েড একটি মারাত্মক ব্যাকটেরিয়াজনিত রোগ, যা শিশুদের মধ্যে দ্রুত ছড়িয়ে পড়ার আশঙ্কা থাকে। সময়মতো টিকা প্রদানই এর অন্যতম কার্যকর প্রতিরোধ ব্যবস্থা। বক্তারা বিদ্যালয় ও মাদরাসাভিত্তিক সচেতনতামূলক কার্যক্রম জোরদার করা এবং সংশ্লিষ্ট সব মহলের সমন্বয়ে টিকাদান কার্যক্রম সফল করার ওপর গুরুত্বারোপ করেন।

## মনাখালী বি-টিমের জয় দিয়ে শুরু

(ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও উপজেলা যুব উন্নয়ন অফিসার রকিবউদ্দিন, ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম হাসান, মুস্তাফিজুর রহমান ও সাহার আলী।

উদ্বোধনী বক্তব্যে ইউএনও পলাশ মন্ডল বলেন, "প্রথমে ওয়ার্ড পর্যায়ে খেলার মাধ্যমে প্রতিযোগিতা শুরু হয়। ওখান থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে প্রতিটি ইউনিয়নের দুটি করে দল গঠন করা হয়েছে। উপজেলা পর্যায়ে এখন এই দলগুলো নকআউট পর্বে প্রতিদ্বন্দ্বিতা করছে।" তিনি আরও বলেন, "আমাদের লক্ষ্য তৃণমূল থেকে মেধাবী খেলোয়াড় তুলে এনে উপজেলা পর্যায়ে একটি শক্তিশালী দল গঠন করা। পাশাপাশি মাদক, নেশা ও মোবাইল গেমের আসক্তি থেকে যুবসমাজকে দূরে রেখে খেলাধুলার মাধ্যমে গঠনমূলক কাজে সম্পৃক্ত করা।"

উদ্বোধনী খেলায় মুখোমুখি হয় মনাখালী ইউনিয়ন বি-টিম এবং দারিয়াপুর ইউনিয়ন বি-টিম। উত্তেজনাপূর্ণ খেলায় মনাখালী ইউনিয়ন বি-টিম ৩-০ গোলে বিজয়ী হয়।

## সাজিদ হত্যায় ছাড় নয়, বিচার হবেই

দায়ের করা হবে এবং একটি উচ্চতর তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সোমবার সন্ধ্যা সাড়ে ৭টায় সিন্ডিকেট সভায় শিক্ষার্থীদের দাবির আলোকে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।"

উপাচার্য আরও জানান, "বিশ্ববিদ্যালয়ের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। ক্লাস-পরীক্ষা যাতে স্বাভাবিকভাবে চলে, সে দিকেও নজর দেওয়া হচ্ছে। প্রশাসন নিয়মিত শিক্ষার্থীদের অগ্রগতি জানাবে।" এর আগে সকাল ১১টায় আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের নেতৃত্বে শতাধিক শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন ঘেরাও করে অবস্থান কর্মসূচি শুরু করেন। ক্যাম্পাস প্রকম্পিত হয় স্লোগানে। 'সাজিদ হত্যার বিচার চাই', 'আমার ভাই কবরে, খুনি কেন বাইরে', 'শ্বাসরোধে হত্যা কেন, জবাব দিতে হবে', 'খুনিদের বিরুদ্ধে ডাইরেক্ট অ্যাকশন চাই'। ছাত্র ইউনিয়ন ইবি সংসদের সভাপতি নূর আলম বলেন, "সাজিদের হত্যাকারীদের গ্রেপ্তার করে দ্রুত ফাঁসির দাবি জানাই। পিবিআইকে দায়িত্ব দিতে চাচ্ছেন তবে স্পষ্ট করে বলতে হবে, কতদিনের মধ্যে রিপোর্ট দেবে? আমাদের পূর্বের দাবিগুলোর কী হলো?" ছাত্রশিবিরের সভাপতি মাহমুদুল হাসান বলেন, "জুলাই বিপ্লবের পরে একজন জুলাই যোদ্ধাকে হত্যা করা হলো। প্রশাসন বারবার ব্যর্থতার পরিচয় দিয়েছে। এবার যদি দ্রুত বিচার না হয়, তবে আমরা 'আসসালামু আলাইকুম' বলতে বাধ্য হব।" ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ বলেন, "আর কোনো ফুলপরীর মতো ঘটনা দেখতে চাই না। সিআইডি বা পিবিআইয়ের মাধ্যমে দ্রুত তদন্ত ও বিচার চাই।" বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক এসএম সুইট বলেন, "জুলাই যোদ্ধা সাজিদকে নির্মমভাবে হত্যা প্রমাণ করে, আমাদের জীবন নিরাপদ নয়। প্রশাসনকে আমাদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।" গত ১৭ জুলাই বিশ্ববিদ্যালয়ের শাহ আজিজুর রহমান হল সংলগ্ন পুকুর থেকে সাজিদের মরদেহ উদ্ধার করা হয়। রোববার প্রকাশিত ফরেনসিক রিপোর্টে নিশ্চিত হওয়া যায়, তাকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে।

## মেহেরপুরে আগুনে দগ্ধ শিশু পেল

রান্নার চুলা থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটে। এতে একটি শিশুর শরীরের সামনের অংশের প্রায় ৮ শতাংশ পুড়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে পরবর্তীতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। এক মাস চিকিৎসাধীন থাকার পর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলে শিশুটিকে ব্যবস্থাপত্রসহ ছাড়পত্র দেয় হাসপাতাল কর্তৃপক্ষ। এরপর থেকে প্রতি মাসে ঢাকায় নিয়ে তার চিকিৎসা চালিয়ে যেতে হচ্ছে। দগ্ধ শিশুটির মা জানান, তার স্বামী একজন ইটভাটার শ্রমিক। বছরের নির্দিষ্ট কয়েক মাস কাজ থাকলেও বাকি সময়ে পাখিভ্যান চালিয়ে সংসার চালাতে হয়। এ পর্যন্ত প্রায় তিন লাখ টাকা ঋণ নিয়ে মেয়ের চিকিৎসা চালিয়ে যাচ্ছেন তারা। এখনও শিশুটি পুরোপুরি সুস্থ নয়, ওষুধপত্রের খরচ বহাল রয়েছে। তিনি বলেন, "আজ ১৫ হাজার টাকা পেয়ে কিছুটা স্বস্তি পেলেও সামনের চিকিৎসার জন্য আরও সহযোগিতা দরকার। আমি আমার মেয়েটিকে বাঁচাতে সমাজের সহৃদয় ব্যক্তি ও সরকারের কাছে আরও সহযোগিতার আবেদন জানাচ্ছি।"

## নির্বাচনের প্রস্তুতি দেখতে সেপ্টেম্বরে

তিনজন বিদেশি ও চারজন স্থানীয় পর্যবেক্ষক থাকবেন।" সচিবের ভাষ্য অনুযায়ী, দলটি আসন্ন জাতীয় নির্বাচনের প্রস্তুতি, রাজনৈতিক পরিবেশ, প্রশাসনিক অবস্থা এবং সম্ভাব্য চ্যালেঞ্জগুলো সরেজমিনে পর্যবেক্ষণ করবে। এটি মূলত নির্বাচন-পূর্ব বাস্তবতা সম্পর্কে ইউরোপীয় ইউনিয়নকে একটি পূর্ণাঙ্গ মূল্যায়ন রিপোর্ট প্রস্তুতে সহায়তা করবে। "এই ধরনের মিশনের মূল লক্ষ্য হলোড়নির্বাচনী পরিবেশের নিরপেক্ষতা, রাজনৈতিক দলগুলোর অংশগ্রহণ, প্রশাসনিক প্রস্তুতি এবং ভোটারদের অধিকার চর্চার সুযোগ পর্যবেক্ষণ করা," বলেন সচিব জাহাঙ্গীর আলম। পর্যবেক্ষক দল আগমনের বিষয়টি সম্পর্কে নির্বাচন কমিশন নিশ্চিত হয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে। তবে ইসি জানিয়েছে, এ বিষয়ে বিস্তারিত কর্মসূচি ও নির্দিষ্ট তারিখ এখনো কমিশনের কাছে পৌঁছায়নি। ইসি সূত্রে আরও জানা গেছে, ইইউ পর্যবেক্ষক দলটি বাংলাদেশের বিভিন্ন রাজনৈতিক দল, নাগরিক সমাজ, গণমাধ্যম, প্রশাসন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করবে।